# প্রথম ইউনিট

# আমাদের পরিবার ও সমাজ

## ইউনিট সম্পর্কিত কিছু কথা

আমরা সকলেই বিবিধ পরিবার থেকে এসেছি, যারা সহায়ক ও সমন্বিত সমাজে একে অপরের পাশে থাকে। আমাদের পারিপার্শ্বিক পরিবেশের উন্নতির সাথে সাথে আমরা একসাথে মিলে বিবিধ প্রকারের গাছপালা চাষ করি ও বিভিন্ন প্রাণীর যত্ন নিই। পারস্পরিক সাহায্য ও সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে, আমরা এক প্রাণবন্ত ও সৌহার্দ্যপূর্ণ সমাজ তৈরি করি।

এই ইউনিটটি আমাদের সমন্বিত কাজ ও পারস্পরিক সমর্থনের মাধ্যমে আমাদের পরিবার ও সমাজের অনেকগুলি দিককে বোঝায়। আমাদের পারিপার্শ্বিক পরিবেশ বজায় রাখতে ও সম্মান করতে, গাছপালা ও প্রাণীদের রক্ষা করতে আমরা নিবেদিত, যা আমাদের খাবার, পোশাক ও আরও অনেক কিছু দিয়ে বাঁচিয়ে রাখে। বিবিধ উদযাপন, যেমন মেলা ও উৎসব, আমাদের একত্রিত করে, যেখানে আমরা খেলতে, গাইতে ও নাচতে পারি। আবার সূর্য, চাঁদ, বায়ু, জল ও মাটি প্রভৃতি প্রাকৃতিক উপাদানগুলিকে আমরা সম্মান জানাই ও কৃতজ্ঞতা প্রকাশ করি।





© NCERT not to be republished

# শিক্ষকের প্রতি দ্রষ্টব্য

এই বইয়ে চারটি ইউনিট আছে। প্রতিটি ইউনিটে তিনটি করে অধ্যায় আছে। প্রথম ইউনিটটি 'আমাদের পরিবার ও সমাজ' সম্পর্কে। এই অধ্যায়গুলিতে যে সব মুখ্য বিষয়গুলি বর্ণিত হয়েছে তা নীচে দেখানো হয়েছে।

**প্রথম অধ্যায়:** পরিবার এবং বন্ধুরা, একটি পরিবারের মধ্যে বিভিন্ন সদস্য, তাদের আন্তঃসংযুক্ত সম্পর্ক, প্রদত্ত পারস্পরিক সহায়তা, একসাথে সহাবস্থানের অন্তর্নিহিত আনন্দ প্রভৃতি সম্পর্কে জানায়।

**দ্বিতীয় অধ্যায়:** একটি মেলায় যাওয়া, কাছের ও দূরের পরিবারের মধ্যে সম্পর্ক, তাদের আনন্দপূর্ণ ক্রিয়াকলাপ উপস্থাপন করে। সবাই পরিবারের সাথে মেলা দেখতে যেতে পছন্দ করে, যেখানে তারা বিভিন্ন উপকরণ সম্পর্কে জানতে পারে, বিভিন্ন লোকের সাথে মেশে, বিবিধ ক্রিয়াকলাপের সাথে জড়িত হয় এবং একসাথে মজাদার পরিবেশটি উপভোগ করে। তারা আরও জানতে পারে যে কীভাবে একটি সমাজের সমস্ত পরিবার একে অপরকে সাহায্য করে ও সবাই সুখী থাকে।

**তৃতীয় অধ্যায়:** উৎসব উদ্যাপন, উৎসব চলাকালীন বিবিধ ধরণের খাবার, পোশাক ও সাংস্কৃতিক অনুশীলন সম্পর্কে জানায়, যা লোকেরা উপভোগ করে। সব বয়সের মানুষ খুব আনন্দের সাথে সামাজিক উৎসবে অংশ নেয় এবং একসাথে উৎসব উদযাপন করে।





- ক্রিয়াকলাপের জন্য প্রাসঙ্গিক, স্থানীয় ও বিনামূল্যে শিক্ষণ, পঠন উপকরণ (এল.টি.এম.) সংগ্রহ করুন। প্রথম অধ্যায় শুরু করার আগে ভাগ করার জন্য ও আলোচনার জন্য পরিবারের ছবি নিয়ে আসার জন্য বাচ্চাদের বলুন।
- বাচ্চাদের দেখানোর জন্য সাধারণ ট্র্যাফিক চিহ্ন, স্থানীয় খাবার, পোশাক ও খেলনা ছবি সংগ্রহ করুন।
- দর্শন ও দর্শনার্থী - বাগান, মেলা ইত্যাদি যে কোনো জায়গায় ঘোরার পরিকল্পনা, ট্রাফিক পার্ক, স্থানীয় থানা, ডাক্তারখানা, বাজার ইত্যাদি। যদি ঘোরা সম্ভব না হয় তবে আমন্ত্রিত বক্তাদের, যেমন- পুলিশ ব্যক্তি, দমকলকর্মী, ডাক্তার, পোষা প্রাণী, বাবা-মা, ঠাকুরদা-ঠাকুরমা ইত্যাদিরকে আমন্ত্রণ জানান।

© NCERT not to be republished

অধ্যায়


১



# পরিবার ও বন্ধুরা

## একসঙ্গে খেলা

নমস্কার! আমার বাড়িতে স্বাগত!
আমার নাম বেলা। আমার দুই ভাই আছে, বড় ভাই বংকু ও ছোটো ভাই বিশু। আমরা বাইরে একসাথে লুকোচুরি খেলতে ভালবাসি। তুমি কি জানো কিভাবে লুকোচুরি খেলতে হয়?



© NCERT not to be republished



বাড়িতে আমরা সবাই বিশুর সাথে লুকোচুরি খেলতে ভালোবাসি। আমরা আমাদের বাড়ির বাইরে খোলা জায়গায় এটি খেলি। আমরা বেশ কয়েকটি ফুলের গাছ দিয়ে একটি বাগান বানিয়েছি। আমাদের আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব ও প্রতিবেশীরা আমাদের বাগানে আসে। তারা একসঙ্গে বসে, কথা বলে, কৌতুক করে ও হাসে। মাঝে মাঝে সারাদিনের হাড়ভাঙা পরিশ্রমের পর বাবা-মা ক্লান্ত হয়ে পড়লে, তাঁরাও এখানে বসে বিশ্রাম নেয়। আমরা সবাই একসাথে আমাদের সন্ধ্যাগুলি উপভোগ করি।



© NCERT not to be republished

* পিক-এ-বু একটি খেলা যা একটি ছোট বাচ্চার সাথে খেলা হয়, যেখানে সবাই লুকিয়ে পড়ে ও হঠাৎ করে উপস্থিত হয়ে বলে, 'পিক-এ-বু'।



## একসঙ্গে গান গাওয়া



বৃষ্টির দিনে আমরা বাগানে তৈরি করা ছোট্ট একটা ছাউনির নিচে বসি। বৃষ্টির সময় বাইরে বসার মজাটাই আলাদা। আমরা বসে বিবিধ খেলা খেলি যেমন অন্তাক্ষরী, সাপ ও মই ইত্যাদি। আমার ঠাকুরমা, যাকে আমরা বলি দাদিজী, তিনি ও মা বৃষ্টির সময় পকোড়া ও চা বানায়। ঠাকুরদা সহ আমরা সকলে একসাথে বসি ও পকোড়া উপভোগ করি। অনেক সময় ঠাকুরমা বৃষ্টির গান গায়। তিনি আমাদেরও কয়েকটি গান শিখিয়েছিলেন, তো আমরাও তার সাথে গলা মেলাই।

## একটি বৃষ্টির গান

আকাশের ওই কালো মেঘগুলি দেখো,
বৃষ্টি একটু একটু করে আসছে,
আহা, বৃষ্টিতে ভিজতে কত ভালোবাসি আমরা,
জানালার কার্নিসে বৃষ্টির ফোঁটা পড়ে।

পুকুরে বয় কাগজের ভেলি,
গাছে গাছে পাখিরা ডাকে একে মিলি,
পেখম মেলিয়া ময়ূর নাচে তা তা থৈ,
আহা, কী সুন্দর বৃষ্টির দৃশ্য ভাই।

—একটি লোকগীতি দ্বারা অনুপ্রাণিত



© NCERT not to be republished



## আলোচনা করো

- বেলার পরিবারের সদস্য কারা ?
- বৃষ্টি হলে তোমার পরিবারের সদস্যরা কী করে ?
- তোমার কি কোনো বৃষ্টির গান মনে পড়ছে , আর সেটা ক্লাসে তোমার বন্ধুদের সাথে গাইতে পারবে ?

## লেখো

নীচের টেবিলে তোমার পরিবারের সদস্যদের নাম লেখো :

| নাম | তোমার সাথে সম্পর্ক | তুমি তাকে ডাকো (যে নামে তুমি তাকে সম্বোধিত করো) |
|---|---|---|
| ঊর্মিলা | মায়ের বোন | মাসি |
| | | |
| | | |
| | | |
| | | |

## একসাথে হাসাহাসি



© NCERT not to be republished

আমার দাদাজী, মানে দাদু আমায় ও বংকুকে একটা খেলা দেখিয়েছেন, যা তিনি আমাদের মত বয়সে তার বন্ধুদের সাথে খেলতেন। তিনি আমাদের কিছু খেলাতেও যোগ দেন! শিরু আনন্দে ঘেউ ঘেউ করে লেজ নাড়তে নাড়তে আমাদের সাথে যুক্ত হয় ও ছুটে বেড়ায়। আমাদের বাড়িতে শিরুর একটা বিশেষ জায়গা আছে। সে আমাদের পরিবারেরই এক সদস্য। আমাদের বন্ধুরাও তার সাথে খেলতে পছন্দ করে।

বংকু ও বেলা কখনও শিরুকে আঘাত করেনি। তারা শিরুর সাথে তাদের খাবার ভাগ করে নেয়।






তুমি কি জানো, তোমার ঠাকুরদা - ঠাকুরমা যখন ছোটো ছিলেন, তখন কী কী খেলা খেলতেন ?

## পরিবারের প্রকারভেদ

পরিবারগুলো বড়,
পরিবারগুলো ছোট,
পরিবারগুলি আলাদা ধরণের,
কিন্তু আমরা সবাইকে ভালোবাসি।

একটি পরিবারে থাকে বাবা-মা,
শিশুরা,
ও অবশ্যই ঠাকুরদা ঠাকুরমা,
ও অন্যরা, বলো তো সে কে ?





© NCERT not to be republished

পরিবার তো মানুষই,
যারা তোমার যত্ন নেয়,
আমার পরিবার স্পেশাল।
তোমারটাও তাই!



বেলার পরিবারকে ছোট পরিবার বলবে নাকি বড় পরিবার ?



একটি পরিবারে কয়েকটি বা একাধিক সদস্য থাকতে পারে। তুমি যদি তোমার আশেপাশে দেখো তবে অনেক ধরণের পরিবার দেখতে পাবে।

© NCERT not to be republished


**আলোচনা করো**

- তুমি বড়দের ও পরিবারের অন্যান্য সদস্যদের সাথে কোন খেলাটি খেলো ?
- তোমার বাড়িতে বা আশেপাশে কোন পশুরা আসে?
- তুমি কি কখনও তোমার বাড়িতে আসা কোনো প্রাণীর সাথে খাবার ভাগ করে নিয়েছো ? তোমার সেই অভিজ্ঞতা শেয়ার করো।
- তোমার কেন মনে হয় যে কোনো প্রাণীকে আঘাত বা জ্বালাতন করা আমাদের একদমই উচিত নয় ?



আমাদের পরিবারের সদস্যরা, বন্ধুরা, প্রতিবেশীরা ও আত্মীয়রা আমাদের ভালবাসে, আমাদের যত্ন নেয়, ও আমাদের সমর্থন করে। তারা পরিবারের বাবা-মা (মাতা ও পিতা), ঠাকুরদা - ঠাকুরমা (দাদিজী ও দাদাজী), ভাই ও বোন (যেমন বংকু ও বেলা) এবং পরিবারের অন্যান্য প্রবীণরাও হতে পারে।

সবাই একে অপরকে ভালোবাসে ও একে অপরের যত্ন নেয়। পরিবারগুলি প্রাণী, বৃক্ষ ও গাছপালাও ভালবাসে এবং যত্ন নেয়। গরু, মোষ, কুকুর, টিয়া, বিড়াল ও ছাগলের মতো প্রাণীও একটি পরিবারের অংশ হতে পারে। বেলা ও বংকু যেভাবে তাদের পোষ্য শিরুকে ভালবাসে, আমাদেরও তেমনই পশুদের প্রতি ভালবাসাপরায়ণ ও যত্নশীল হওয়া উচিৎ।



## একে অপরকে সাহায্য করা

### ক্রিয়াকলাপ 1

তুমি তোমার পরিবারে নীচের যে সব কাজগুলো দেখ, তা টিক করো ও রং করো







© NCERT not to be republished












ঘরে আমরা একসাথে অনেক কাজ করি। আমার লম্বা চুল আছে। সকালে স্কুলে যাওয়ার আগে আমার দাদিজী আমার চুলে তেল মাখিয়ে দেয় ও বিনুনি করে দেয়। এই কাজ করার সময় তিনি গুনগুন করে একটি গান করেন। তার গলায় সেই গানটি শুনে আমি খুশি হই। তার কাছ থেকে অনেক গান শিখেছি। রান্না থেকে শুরু করে পরিষ্কার করা ও মুদিখানার কেনাকাটা করা - বাড়ির সমস্ত কাজে বাবা-মাকে একে অপরকে সাহায্য করতে দেখেছি।

আমার দাদাজী বাগান করতে ভালোবাসেন। বংকু ভাই ও আমি আমাদের বাবা-মা ও দাদু - ঠাকুরমাকে প্রতিদিন তাদের কাজে কিছু সহায়তা করি। বংকু সবজী ধুয়ে কেটে দিতে সাহায্য করে, আর আমি দাদাজীকে বাগান করতে সহায়তা করি।



© NCERT not to be republished





আমাদের এক অন্যতম কাছের বন্ধু হল মুন্নি। সে ও তার মা কুসুম মাসি (মায়ের ঘনিষ্ঠ বন্ধু, তার নিজের বোনের মতো) আমাদের বাড়ির কাছেই থাকে। কুসুম মাসি খুব ভালো একজন রাঁধুনী। উৎসবের সময় তিনি আমাদের জন্য সুস্বাদু মিষ্টি এবং বিশেষ খাবার তৈরি করেন। তিনি ও মুন্নি আমাদের বাড়ির সব উৎসবে যোগ দেয়।



মুন্নি খুব ভালো রঙ্গোলি বানাতে পারে। সে বিভিন্ন শুকনো ফুল দিয়ে তৈরি রঙ ব্যবহার করে। কোনো কোনো অনুষ্ঠানে সে পাতা এবং ফুলও ব্যবহার করে।

আমি তাকে সাহায্য করতে ভালোবাসি।

## আঁকো

তোমার পরিবারের সদস্যরাও কীভাবে একে অপরকে সহায়তা করে তা দেখানোর জন্যও তুমি কিছু ছবি আঁকতে পারো।



© NCERT not to be republished



আমরা সকলেই আমাদের পরিবার ও প্রতিবেশীদের কাছ থেকে অনেক কিছু শিখি।

- তুমি তোমার পরিবার ও অন্য কারুর কাছ থেকে কী কী শিখেছো ?
- কেউ কি তোমার কাছ থেকে কিছু শিখেছে ?

## ক্রিয়াকলাপ 2

মাটিতে পড়ে থাকা কিছু পাতা ও ফুল সংগ্রহ করো ও একটি রঙ্গোলি তৈরি করার চেষ্টা করো ।

## আলোচনা করো

- তুমি তোমার পরিবারকে কীভাবে সাহায্য করো ?
- পরিবারে এমন কিছু লোক থাকে যেমন দাদু-ঠাকুরমা, ছোট বাচ্চা বা অসুস্থ কেউ, যাদের বিশেষ যত্ন ও সাহায্য দরকার। তুমি তাদের কীভাবে সাহায্য করবে ?

## লেখো

- তোমার পরিবারের সবচেয়ে বয়স্ক ব্যক্তি কে?

  ______________________

- তোমার পরিবারের সবচেয়ে কনিষ্ঠ ব্যক্তি কে?

  ______________________

- তোমার পরিবারের সবচেয়ে লম্বা ব্যক্তি কে?

  ______________________

- তোমার পরিবারে কি এমন কোনো সদস্য আছে যে তোমাদের সাথে থাকে না? তারা কারা এবং তারা এখন কোথায় থাকে? তাদের সাথে কত ঘন ঘন তোমাদের দেখা হয় ?

  ______________________

© NCERT not to be republished

**শিক্ষকের প্রতি দ্রষ্টব্য**

বাচ্চাদের বোঝান যে একটি রঙ্গোলি বিভিন্ন উপকরণ ব্যবহার করে তৈরি করা যেতে পারে।

দ্বিতীয় ক্রিয়াকলাপটি ক্লাসের মধ্যেই আপনাদের তত্ত্বাবধানে আয়োজিত হতে পারে ।



- তোমার বাড়িতে বা পাড়ায় তোমরা যে সব বন্ধুদের সাথে তোমরা খেলো, তাদের নাম বলো ?

## ক্রিয়াকলাপ 3

নিচের ছবিগুলো দেখো ও বেলার সাথে তার পরিবারের সকল সদস্যদের কী সম্পর্ক তা লেখো।





© NCERT not to be republished



## ক্রিয়াকলাপ 4

তোমার পরিবারের সকল সদস্যদের ছবি আঁকো ও তারা সম্পর্কে তোমার কে হয় তা লেখো। তুমি প্রয়োজনে ১৩ নম্বর পাতায় দেওয়া উদাহরণটি দেখতে পারো।

© NCERT not to be republished





### লেখো

তোমাদের যে সব আত্মীয়রা তোমাদের পরিবারের সাথে দেখা করতে আসে তাদের নাম লিখো। তারা সম্পর্কে তোমার কে হয় ?

| আত্মীয়ের নাম | তুমি সম্পর্কে তাদের কে হও? | তুমি তাদের কী নামে ডাকো ? |
|---|---|---|
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

বেলা ও বংকুর মতন একটি পরিবারে আমরাও ঘরের দৈনন্দিন কাজ সাহায্য করি। আমাদের পরিবারে এমন আত্মীয়স্বজন আছে যারা আমাদের সাথে থাকে না। আমাদের বাবা - মার (মাতা ও পিতা) মাধ্যমেই তাদের আমরা জানি।



### খোঁজো

- বেলার পরিবারে সবাই কিছু না কিছু কাজ করে।
- তোমার পরিবারে কে কী কাজ করে?
- খুঁজে বের করো ও ১৬ নম্বর পাতার টেবিলটি ভর্তি করো ।

© NCERT not to be republished



| কাজ | কে করে ? |
|---|---|
| খাবার রান্না করা | |
| গাছে জল দেওয়া | |
| জিনিসগুলি ঠিক করা (ঘরের আসবাবপত্র মেরামত করা, বোতাম সেলাই ইত্যাদি) | |
| ঘর পরিষ্কার করা | |
| বাজার থেকে জিনিস কিনে আনা | |
| | |
| | |


তোমার পরিবারের সদস্যরা আর যে সব কাজ করে সেগুলো তুমি এই তালিকায় জুড়তে পারো।

## পরিবার ও বন্ধুদের সাথে মজা করা

এটা একটা ছুটির দিন ছিল! আমরা সবাই আমাদের দাদাজীর সাথে পার্কে গেছিলাম। ওখানে পৌঁছে দেখলাম যে আমাদের অনেক বন্ধুরা মিলে পিট্টু বা লাগোরী খেলছে। নিকু, রিঙ্কি, রোহিত, রনি ও তারা একে অপরকে দ্রুত দৌড়ে পাথর বসানোর জন্য ডাকছিল।

আমরা তাদের সাথে যুক্ত হয়ে দুটো দল বানালাম। দাদাজী একটা বল নিয়ে এলো। তিনি পাথরে আঘাত করে সবগুলোই ছড়িয়ে দিল! আমরা দৌড়ে গিয়ে যত দ্রুত সম্ভব পাথরের স্তূপটি বানাতে লাগলাম। রোহিত, নিকু আর রনি আমাদের বল দিয়ে আঘাত করতে লাগল যাতে আমরা হেরে যাই।

বেশ মজা লাগলো। আমরা



© NCERT not to be republished



কিছুক্ষণ পরে ক্লান্ত বোধ করতে শুরু করি, তাই দাদাজী আমাদের কিছুক্ষণের জন্য বিশ্রাম নিতে বললেন। প্রায় ২০ মিনিট পর তিনি আমাদের জন্য কিছু আইসক্রিম কিনে আনলেন।
কিছুক্ষণের মধ্যেই অন্ধকার নেমে এল ও আমরা বাড়ি ফিরে এলাম। আমরা একসাথে খেলার, হাসার ও খাবার সময় খুব মজা করেছি!

## এসো, এই বিষয়টা আমরা চেষ্টা করি

### ক. লেখো

1. পরিবারের সদস্যরা কীভাবে একে অপরের প্রতি তাদের ভালবাসা ও যত্ন প্রদর্শন করে?
2. তুমি তোমার বন্ধুদের সাথে কোন খেলাটি খেলো ?

### খ. আঁকো

তোমার পরিবারের সাথে একসাথে উপভোগ করা কিছু আনন্দের মুহূর্ত আঁকো ।

© NCERT not to be republished



## গ. আলোচনা করো

1. তুমি তোমার পরিবারের গুরুজনদের কাছ থেকে কী শিখো ?
2. আমাদের পরিবারের সদস্যদের আমরা কীভাবে আমাদের ভালবাসা ও যত্ন প্রদর্শন করি ?
3. আমরা এমন অনেকের যত্ন নি যারা আমাদের পরিবারে নেই। তারা কারা ? আমরা কীভাবে তাদের যত্ন নি ?

## ঘ. কার্যকলাপ

**খুঁজে বের করো ও সার্কেল করো**

নীচের গ্রিডে দেওয়া খেলায় পাঁচটি শব্দ সার্কেল করো। তোমাদের জন্য একটি উদাহরণ দেওয়া হল।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ত | থ | প | অ | ন | র | জ |
| কা | বা | ডি | খো | কো | দৌ | ড় |
| গ | ঝ | পু | কা | না | মা | ছি |
| ক্রি | কে | তু | ঘ | চ | ব | ম |
| র | ঞ | ল | ভ | লি | ব | ল |
| শ | ষ | ধ | স | ছ | ঠ | ড |
| বা | স্কে | ট | ব | ল | ন | ল |

© NCERT not to be republished

